দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 25 1999

পৃষ্ঠা ২৮ কলাম ৫

# পরীক্ষার তারিখ নির্ধারণ ফল প্রকাশে অনিয়মের অভিযোগ

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের একদল ছাত্র-ছাত্রী গতকাল (রবিবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে নিয়ম-বহির্ভূতভাবে পরীক্ষার তারিখ ঘোষণার প্রতিবাদ জানাইয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, নিয়ম অনুযায়ী একটি পরীক্ষার ফল প্রকাশের ন্যূনতম ৯০দিন পর পরবর্তী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকিলেও তাহা করা হইতেছে না। পরীক্ষা শুরু হওয়ার ৪৫দিন পূর্বে রুটিন প্রকাশ করার কথা থাকিলেও ২৬দিন পূর্বে রুটিন প্রকাশ করা হইয়াছে। ৯০দিনের মধ্যে ফলাফল প্রকাশের নিয়ম থাকা সত্ত্বেও ১৩ মাসের মধ্যেও ফলাফল প্রকাশিত হয় নাই। সাংবাদিক সম্মেলনে ১৯৯৭ সালের অনার্স পার্ট-৩ চূড়ান্ত পরীক্ষার ঘোষিত সময়সূচী বাতিল করিয়া ৯০ দিনের মধ্যে সংশোধিত কর্মসূচী ঘোষণার দাবী করা হয়।